# ২০২৫

## দ্বিতীয় সেমেস্টার

## বাংলা — মাইনর

### পত্র : MN-2

### (বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - ১)

### পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ব্যঞ্জনধ্বনি কাকে বলে? বাংলায় ব্যবহৃত প্রধান ব্যঞ্জনধ্বনি কয়টি? ব্যঞ্জনধ্বনি উচ্চারণের বর্গীকরণের নিয়ম অনুযায়ী স্পর্শধ্বনিগুলির বিস্তারিত পরিচয় দাও। ২+১+১২

*অথবা*

(খ) বাংলা শব্দভাণ্ডারে মৌলিক শব্দগুলিকে ক'টি ভাগে ভাগ করা হয়েছে? তাদের নাম লেখো এবং যে-কোনো দুটি বিভাগের বিস্তারিত পরিচয় দাও। ২+(৩+১০)

২। (ক) নিম্নলিখিত ***যে-কোনো তিনটি*** বিষয় উদাহরণসহ আলোচনা করো — ৫×৩

অপিনিহিতি, আদিস্বরলোপ, বিষমীভবন, ঘোষীভবন, নাসিক্যীভবন।

*অথবা*

(খ) বাংলার উপভাষা কয়টি ও কী কী? যে-কোনো দুটি উপভাষা বিষয়ে বিস্তারিত আলোচনা করো। ৩+১২

৩। (ক) 'সমাস' কাকে বলে? সমাস গঠনের জন্য প্রয়োজনীয় অংশগুলির নাম ও পরিচয় দাও। দ্বন্দ্ব সমাসের বিস্তারিত পরিচয় দাও। ৩+৬+৬

*অথবা*

(খ) 'কারক' বলতে কী বোঝায়? বাংলায় কত প্রকার কারক আছে? উদাহরণসহ তিনটি কারক সম্পর্কে আলোচনা করো। ২+১+১২

৪। (ক) নিম্নলিখিত ***যে-কোনো দুটি*** বিষয়ের পরিচয় দাও — ২১/২×২

ধ্বনি, অক্ষর, যৌগিক স্বরধ্বনি, বিদেশি শব্দ।

*অথবা*

(খ) বাংলা শব্দভাণ্ডারে নবগঠিত শব্দের ভাগগুলি উদাহরণসহ লেখো। ৫

**Please Turn Over**

৫। (ক) ***যে-কোনো একটি*** বিষয়ে আলোচনা করো — ৫×১

ব্যঞ্জনলোপ, সমীভবন।

*অথবা*

(খ) বাংলায় শব্দার্থ পরিবর্তনের ধারা কয়টি ও কী কী? উদাহরণসহ যে-কোনো একটি ধারার পরিচয় দাও। ২+৩

৬। (ক) বাংলা ব্যাকরণে বচন বলতে কী বোঝায়? একবচন থেকে বহুবচনে পরিণত করার যে-কোনো দুটি পদ্ধতি উদাহরণসহ আলোচনা করো। ১+৪

*অথবা*

(খ) ক্রিয়ার কাল বলতে কী বোঝায়? অতীত কালের ভাগগুলি উদাহরণসহ আলোচনা করো। ১+৪

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×১৫

(ক) বাংলায় মৌলিক স্বরধ্বনিগুলির সংখ্যা কত?

(খ) তাড়িত ব্যঞ্জনধ্বনির দুটি উদাহরণ দাও।

(গ) স্বনিমের ইংরাজি প্রতিশব্দ কী?

(ঘ) একটি অর্ধতৎসম শব্দের উদাহরণ দাও।

(ঙ) 'আনারস' শব্দটি কোন বিদেশি ভাষা থেকে বাংলায় গৃহীত হয়েছে?

(চ) 'দীঘি' শব্দটির উৎস শব্দটি লেখো।

(ছ) মধ্যস্বরাগম বা বিপ্রকর্ষের একটি উদাহরণ দাও।

(জ) রাতি > রাত— ধ্বনি পরিবর্তনের কোন রীতি এখানে ব্যবহৃত হয়েছে?

(ঝ) অর্থবিস্তার-এর একটি উদাহরণ দাও।

(ঞ) মালদায় প্রচলিত উপভাষাটির নাম লেখো।

(ট) রেখাঙ্কিত অংশে ব্যাকরণের কোন 'পুরুষ' ব্যবহৃত হয়েছে?

"কে যাবি পারে, ওগো <u>তোরা</u> কে?"

(ঠ) 'পঞ্চভূত'— ব্যাসবাক্যসহ এই শব্দের সমাস নির্ণয় করো।

(ড) 'কলমদানি' শব্দে কোন প্রত্যয় ব্যবহৃত হয়েছে?

(ঢ) ভবিষ্যৎ অনুজ্ঞা কাল বোঝায় এমন একটি বাক্য লেখো।

(ণ) 'হাতে লণ্ঠন করে <u>ঠন্‌ঠন্</u>'— এই বাক্যে রেখাঙ্কিত অংশের অব্যয় নির্ণয় করো।

---